22

দৈনিক সংবাদ

তারিখ ... 3-0 JUL 1997 ...
পৃষ্ঠা ... 9 ... কলাম ... 7 ...

## সরকারি অনুদানপ্রাপ্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের বেতন ও ভাতাদি

সারা বাংলাদেশে এখন স্কুল কলেজে (প্রাইভেট) ভরে গেছে। এমনকি এর মধ্যে প্রাইভেট বিশ্ববিদ্যালয়ে ঢাকা শহর ছেয়ে গেছে বললেই চলে। শিক্ষক উপযোগী করে তোলাই হলো এই সমস্ত শিক্ষকের কাজ।

বেশিরভাগ প্রাইভেট স্কুল-কলেজ সরকারি অনুদান পেয়ে থাকে। বিশেষ করে শিক্ষকদের বেতন ৮০% দেয় সরকার। শিক্ষা প্রতিষ্ঠান নির্মাণের জন্য সরকারের ফেসিলিটিজ ডিপার্টমেন্ট থেকে পায় সাহায্য।

প্রাইভেট স্কুল কলেজের তুলনায় ঢাকা শহরে সরকারি স্কুল-কলেজ অনেক কম। প্রাইভেট স্কুল কলেজে ছাত্রছাত্রী ভর্তি করানো হয় বলে অনেকেই পড়ার সুযোগ পাচ্ছে। আবার অনেকেই প্রাইভেট স্কুল-কলেজের বেতন এবং ভর্তি ফি এতো বেশি যে পড়ার সুযোগ পাচ্ছে না। আমি শুধু সরকারি অনুদান পাওয়া স্কুল-কলেজের কথাই বলছি। কেন এই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানে বেতন বেশি থাকবে? যেখানে সরকার ৮০% শিক্ষকের বেতন দিচ্ছে।

আমার মনে হয় প্রাইভেট স্কুল-কলেজে সরকারি স্কুল-কলেজের বেতন দ্বিগুণের বেশি হওয়া উচিত নয়। যে সমস্ত স্কুল-কলেজে সরকার অনুদান দেয় সেই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের বেতন এবং বার্ষিক ভর্তি ফি সরকার থেকে নির্ধারণ হওয়া উচিত।

প্রফেসর রওশন আরা মতিন
বিভাগীয় প্রধান
পদার্থ বিদ্যা বিভাগ
ঢাকা কলেজ, ঢাকা।